


যুগান্তর

চরাঞ্চলে চালু হচ্ছে টেলিমেডিসিন ও ই-এডুকেশন

আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

প্রকাশ : ০২ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 ভোলা প্রতিনিধি

বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ নেটওয়ার্কের আওতায় ভোলাসহ দেশের বিভিন্ন দুর্গম চরাঞ্চলে চালু হচ্ছে টেলিমেডিসিন ও ই-এডুকেশন সেবা। জেলা সদর থেকে প্রায় একশ' কিলোমিটার দূরে চরফ্যাশন তেঁতুলিয়া নদীর দ্বীপ চরনিউলিনে আজ টেলিমেডিসিন ও ই-এডুকেশন সেবার উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেশের ৩৪টি টেলিভিশন চ্যানেলের সবকটি যুক্ত হবে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এ। বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর বাণিজ্যিক সেবার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিসিএসসিএল) চেয়ারম্যান ড. শাহজাহান মাহমুদ ও ভোলার জেলা প্রশাসক মোহাম্মদ মাসুদ আলম ছদ্দিক এসব বিষয় নিশ্চিত করেন। দ্বীপ এলাকায় নেটওয়ার্ক স্থাপন প্রকল্পের অধীনই টেলিমেডিসিন ও ই-এডুকেশন সেবা চালুর উদ্যোগ নেয়া হয়েছে। ওই প্রকল্পের ডেপুটি প্রজেক্ট ডিরেক্টর জোবায়েদ হোসেন জানান, ভোলার চর লিউনিনে টেলিমেডিসিন ও ই-এডুকেশন সেবা কার্যক্রমের উদ্বোধনের সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে।

চরফ্যাশন উপজেলা নির্বাহী অফিসার মো. রুহুল আমিন যুগান্তরকে জানান, উদ্বোধনী অনুষ্ঠান হবে চরফ্যাশন উপজেলার তেঁতুলিয়া নদীর বুকে দ্বীপচরে প্রতিষ্ঠিত বাংলাবাজার চর লিউলিন নি মধ্যমিক বিদ্যালয়ে। প্রথম দিন একটি কক্ষে ডেলিমেডিসিন সেবা দেয়া হবে। অপর কক্ষে ই-এডুকেশন সেবা কার্যক্রম উদ্বোধন করা হবে। ওই স্কুলের ৩০ শিক্ষার্থী ই-এডুকেশনে অংশ নেবে। শিক্ষার্থীদের সঙ্গে ভিডিও কনফারেন্সে সরাসরি কথা বলবেন প্রধানমন্ত্রী।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।